

কোটায় ভর্তি যে শর্ত দিয়েছে নজরুল বিশ্ববিদ্যালয়

অনিলন্দ সাজ্জাদ, কন্ট্রিবিউটিং রিপোর্টার, নজরুল বিশ্ববিদ্যালয়

প্রকাশিত: ০১:২৯, ৩১ মে ২০২৫



x



২০২৪-২৫ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক (সমান) শ্রেণিতে ভর্তির জন্য বিভাগভিত্তিক শর্ত ও আসন সংখ্যা প্রকাশ করেছে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়। পাশাপাশি বিভিন্ন কোটায় ভর্তিচ্ছুল শিক্ষার্থীদের জন্য নির্দিষ্ট কিছু শর্ত আরোপ করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।



বিশ্ববিদ্যালয়ের তথ্য অনুযায়ী উল্লিখিত কোটার মধ্যে রয়েছে মুক্তিযোদ্ধা কোটা, ক্ষুদ্র নৃগোষ্ঠী, প্রতিবন্ধী, পোষ্য, হরিজন ও দলিত গোষ্ঠী এবং খেলোয়াড় কোটা। এসব কোটায় ভর্তির ক্ষেত্রে নির্দিষ্ট বিষয়ে অংশগ্রহণ সহ, রাখা হয়েছে সর্বনিম্ন নম্বর পাওয়ার বাধ্যবাধকতা।

বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিজ্ঞপ্তি অনুসারে জানা যায়, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (CSE), ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং (EEE) ও এনভায়রনমেন্টাল সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (ESE) বিভাগে ভর্তির জন্য HSC-তে গণিত বিষয় থাকতে হবে এবং গশট গুচ্ছ ভর্তি পরীক্ষায় পদার্থ ও গণিতে আলাদা আলাদাভাবে নির্দিষ্ট নম্বর (সাধারণত ৭, কোটায় ৫) পেতে হবে। ESE বিভাগে কোটাধারীদের পদার্থ, রসায়ন ও গণিত তিনটিতেই উত্তর দিতে হবে।

পরিসংখ্যান বিভাগে ভর্তির জন্য GST পরীক্ষায় গণিত বিষয়ে অন্তত ২০ শতাংশ নম্বর (৫ নম্বর) অর্জন বাধ্যতামূলক, যা কোটার ক্ষেত্রেও প্রযোজ্য।

বাংলা বিভাগে ভর্তির জন্য গুচ্ছ পরীক্ষায় বাংলা বিষয়ে অংশগ্রহণ করে নির্ধারিত নম্বরের ৫০ শতাংশ পেতে হবে। ইংরেজি বিভাগে SSC ও HSC উভয় পরীক্ষায় ইংরেজিতে ‘A’ গ্রেড থাকতে হবে। পাশাপাশি GST পরীক্ষার ইংরেজি অংশে কোটাধারীদের জন্য ৪০ শতাংশ নম্বর অর্জন বাধ্যতামূলক।





নয় বছরের আমানের বিশ্বরেকর্ড | News | Sports | Janakantha

সঙ্গীত, চারুকলা এবং থিয়েটার অ্যান্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগে ভর্তির জন্য ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক। ১০০ নম্বরের মধ্যে সাধারণ শিক্ষার্থীদের ন্যূনতম ৫০ এবং কোটাধারীদের জন্য ৪০ নম্বর পেতে হবে।

আইন ও বিচার বিভাগে B ইউনিটের শিক্ষার্থীদের ইংরেজিতে কমপক্ষে ১৫ এবং C ইউনিটের শিক্ষার্থীদের অন্তত ৭ নম্বর অর্জন করতে হবে। নৃবিজ্ঞান ও পপুলেশন সায়েন্স বিভাগে ভর্তির জন্য বাংলায় ও ইংরেজিতে ৪০ শতাংশ নম্বর পেতে হবে। তবে A ইউনিট ও কোটাধারীদের জন্য এসব বিভাগীয় শর্ত প্রযোজ্য নয়।

লোক প্রশাসন বিভাগে ব্যবহারিক পরীক্ষায় ন্যূনতম ৫০ এবং কোটায় ৪০ নম্বর পেতে হবে। দর্শন, সমাজবিজ্ঞান ও ইতিহাস বিভাগে বাংলায় ও ইংরেজিতে ৩৫ শতাংশ নম্বর অর্জনের শর্ত রয়েছে, তবে A ইউনিট ও কোটায় এই শর্ত প্রযোজ্য নয়।

হিসাববিজ্ঞান, ফিন্যান্স, ব্যবস্থাপনা, মানবসম্পদ ব্যবস্থাপনা ও মার্কেটিং বিভাগে ভর্তির জন্য GST পরীক্ষায় কোনও বিষয়ে ঝাগাত্মক নম্বর পেলে সেই শিক্ষার্থী ভর্তির জন্য বিবেচিত হবেন না। তবে এ ক্ষেত্রে কোটার জন্য আলাদা কোনও শর্ত নেই।



উল্লেখ্য, জিএসটি গুচ্ছভুক্ত ভর্তি প্রক্রিয়ার অন্তর্ভুক্ত জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানিয়েছে, কোটাভুক্ত শিক্ষার্থীদের ন্যূনতম যোগ্যতা অর্জনের মাধ্যমে ভর্তির সুযোগ দেওয়া হবে। কোনো শর্ত এড়িয়ে যাওয়ার সুযোগ নেই। ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য পাওয়া যাবে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে।